Number of printed pages: 5 (five) **DCBL-2022-203**

**2022**

Diploma Course in Bengali Language (DCBL)

**Second Semester : 3rd paper**

Important Components of Bengali Learning: Reading, Writing & Creative Exercises

Full Marks: 75 Time: 3 hours

**২০২২**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

পূর্ণমান: ৭৫ সময়: ৩ ঘণ্টা

১) সঠিক উত্তরটি শূন্যস্থানে লিখুন : - ১ x ৪ = ৪

ক) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ____ (শিশুপাঠ/সহজ পাঠ) গ্রন্থটি একটি আদর্শ প্রাইমার।

খ) ____ (ব্রাহ্মী/খরোষ্টি) লিপি থেকেই ভারতীয় লিপিগুলির সৃষ্টি।

গ) ব্যঞ্জনবর্ণমালায় প, ফ, ব, ভ, ম এই 'ব' হল ____ (অন্তঃস্থ/বর্গীয়)।

ঘ) 'ক' বর্ণের সঙ্গে 'র' ফলা মিলে হয় ____ (ত্র / ক্র)।

২) সংক্ষিপ্ত উত্তর দিন (চারটি) : - ১ x ৪ = ৪

ক) 'পাখি সব করে রব রাতি পোহাইল' -এই শিশুপাঠ্য ছড়াটির রচয়িতার নাম কী?

খ) বাংলা বর্ণমালা কোন বর্ণমালার আদলে গড়ে উঠেছে?

গ) উনবিংশ শতকে ধাতুনির্মিত অক্ষরমালা প্রথম কোন মুদ্রণালয়ে তৈরি হয়েছিল?

অপর পৃষ্ঠায় দেখুন

ঘ) ‘কুমোর পাড়ার গরুর গাড়ি, বোঝাই করা কলসি হাড়ি...’ -কবিতাটির রচনাকারের নাম লিখুন।

ঙ) গীতাঞ্জলি/উত্থান শব্দটির স্বচ্ছ বানানটি কী হবে?

৩। যে কোনও একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ১ = ৩

ক) ‘প্রাইমার’ গ্রন্থ বলতে কী বোঝায়? এর প্রধান চরিত্রলক্ষণ কী কী?

খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা বর্ণমালার কী কী সংস্কার করেছিলেন?

৪। যে কোনও দু'টি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) ‘বঙ্গীয় শব্দকোষ’-এর রচয়িতা কে? বইটির বিশেষত্ব কী?

খ ) ‘চলন্তিকা’য় গোলাপ ফুলের উৎস সম্বন্ধে কী জানা যায়?

গ) কীভাবে স্বল্প সময়ে অভিধানে প্রয়োজনীয় শব্দটির কাছে পৌঁছানো যায়?

৫। যে কোনও একটির ব্যাখ্যা লিখুন : - ৪ x ১ = ৪

ক) ‘শব্দকোষ অতি অবশ্যই অভিধান কিন্তু সব অভিধান শব্দকোষ নয়।’

খ) ‘অভিধান শুধুমাত্র মানে বই নয়, জাতীয় জীবনের দর্পণ।’

৬। দু'টি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) ‘বঙ্গীয় শব্দকোষ’ থেকে ‘পদ্ম’ ফুলের বিষয়ে কী কী জানা যায়?

খ) সংক্ষিপ্ত টীকা লিখুন :- চরিত অভিধান।

গ) একজন দর্শনের পাঠক ‘সুফি’ শব্দটির সূত্র ধরে অভিধানে এই সম্বন্ধে কী কী জানতে পারবে?

৭। অতি সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) ফ্রান্সিস বেকন অস্থিরচিত্ত ব্যক্তিদের কোন বিষয়ের গ্রন্থে মনোনিবেশ করতে বলেছেন?

খ) ‘চোখ বাড়াবার পন্থা’ সম্বন্ধে কে নির্দেশ দিয়েছিলেন?

গ) খ্রিস্টান ধর্মে পুস্তক সম্বন্ধে কী বলা হয়েছে?

 অপর পৃষ্ঠায় দেখুন

ঘ) বাঙালির পাঠাভ্যাসের উপর সৈয়দ মুজতবা আলীর লেখা নিবন্ধটির নাম কী?

ঙ) 'ফুটনোটস' বলতে কী বোঝায়?

চ) 'সরব' পাঠে প্রতি মিনিটে কয়টি শব্দ পড়া যায়?

৮। যে কোনও একটি প্রশ্নের উত্তর দিন : - ৪ x ১ = ৪

ক) পঠন-পাঠনে 'রিডিং' এবং 'স্কিমিং' পদ্ধতির গুরুত্ব কী?

খ) তথ্য সন্ধানী পাঠক কোনও বৃহৎ আকারের গবেষণা গ্রন্থ থেকে তাঁর প্রয়োজনীয় বিষয়টি কোন্ পদ্ধতিতে বের করতে পারেন, তা উদাহরণ সহ বুঝিয়ে লিখুন।

৯। দু'টি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) 'রিডিং' পদ্ধতি অনুযায়ী 'মনে মনে পাঠ' বলতে কী বোঝায়?৩x২=৬

খ) সংক্ষিপ্ত টীকা লিখুন :- আকর গ্রন্থ।

গ) পাঠের তিনটি উদ্দেশ্য সম্বন্ধে ফ্রান্সিস বেকন কী বলেছেন?

১০) তিনটি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ৩ = ৬

ক) মানুষকে জীবন-জীবিকার জন্য কী কী ধরনের লেখা লিখতে হয়?

খ) লিখন কর্মের প্রথম গুরুত্বপূর্ণ স্তরটি কী? আলোচনা করুন।

গ) টার্গেট রিডার বা নির্দিষ্ট পাঠক বলতে কী বোঝায়?

ঘ) স্বচ্ছ-সুন্দর হাতের লেখার প্রয়োজনীয়তা কোথায়?

১১) তিনটি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ৩ = ৯

ক) সৃজনশীল ও মননশীল রচনার মধ্যে পার্থক্য কী? উদাহরণ দিয়ে বুঝিয়ে লিখুন।

খ) পাণ্ডিত্যের সঙ্গে লিখনকর্মের সম্পর্ক আছে কি? আপনার মতামত লিখুন।

গ) শব্দসম্ভার বাড়াতে আপনি কী পদ্ধতি অবলম্বন করা প্রয়োজন মনে করেন?

ঘ) লেখার জন্য তিনটি জিনিসের সমন্বয়ের প্রয়োজন সেগুলি কী কী?

১২। সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও চারটি) : - ১ x ৪ = ৪

ক) শ্রুতি মাধ্যম হিসেবে রেডিওর প্রধান উপাদান কী?

খ) লিখিত মাধ্যমে জনসংযোগের একটি উদাহরণ লিখুন।

গ) 'কমিউনিকেশন' শব্দটির বাংলা প্রতিশব্দ কী?

ঘ) সৃজনশীল সাহিত্যকে আরও প্রাণবন্ত করে তোলার জন্য কী ধরনের ভাষার ব্যবহার প্রয়োজন?

ঙ) 'কমিউনিকেশন'-এ বৈদ্যুতিন মাধ্যমের একটি উদাহরণ দিন।।

চ) শূন্যস্থান পূর্ণ করুন:- বিংশ শতকের একটি উল্লেখযোগ্য চিত্তাকর্ষক বিজ্ঞাপন : "সুখী গৃহকোণ, শোভে ____"।

১৩। তিনটি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ৩ = ৬

ক) পোশাকি বা ফর্ম্যাল ভাষা কোথায় কোথায় ব্যবহার হয়?

খ) বৈদ্যুতিন মাধ্যম হিসেবে টিভি এবং রেডিওর প্রধান পার্থক্য কী?

গ) চা বাগিচার শ্রমিকদের উপর তৈরি ফিচারের টাইটেল মিউজিক কেমন হবে?

ঘ) টিভি-স্ক্রিপ্ট রচনার তিনটি স্তর কী কী?

১৪। দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) ক্লাসরুম 'কমিউনিকেশন'-এ সাফল্য আনার জন্য কী কী পন্থা অবলম্বন করা প্রয়োজন?

খ) বিজ্ঞাপন বলতে কী বোঝায়? এটি কি একটি সৃজনশীল কর্ম?

গ) রেডিও অনুষ্ঠান 'কথিকা'র সার্থকতা কীভাবে আসবে?

ঘ) বিজ্ঞাপন কি কেবল উৎপাদিত জিনিস ফেরি করা, না আরও অন্য কিছু?

১৫) **প্রুফ রিডিং :** (কমা, উদ্ধৃতি চিহ্ন দেওয়া, বানান শুদ্ধ করা ইত্যাদি)।
নীচের (৫নং পৃষ্ঠায় দেখুন) অনুচ্ছেদটির প্রয়োজনীয় সম্পাদনা করুন : - ৪

২০২২

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

**রোল নং :** | | | | |

**প্রুফ রিডিং**

এই অংশটিতে লাল/কালো/নীল কালিতে সংশোধন করে উত্তরপত্রের সঙ্গে জুড়ে দেবেন।

আমি পশু চিকিৎসা করি। এ দেসে অসুস্ত মানুষেরাই ভাল করিয়া চিকিৎসা পায় না। সেখানে কী প্রকারে আমার জিবীকা নির্বাহ হয় এ প্রশ্ন যাঁদের মনে জাগিতেছে, তাঁহাদের অবগতির নিমিত্য জানাইতেছি যে, আমি সরকারি পশু-চিকিৎসা বিভাগে চাকুরি করি। কমিসনার সাহেবের ঘোড়া ম্যাজিস্ট্রেট সাহেবের কুকুর পুলিস সাহেবের গাভি প্রভৃতির স্বাস্থ্য তদারক করিয়া, ছ্যাকরা গারির ঘোড়া ‘পাশ’ করিয়া আমার অন্ন সংস্থান হয়। মনুষ্য-চিকিৎসকদের প্রাইভেট প্রাকটিসের মতো নির্ভরযোগ্যতা আমাদের নেই। এই পরাধীন দরিদ্র ভারতবর্ষে থাকিবার কথাও নয়।

- শেষ পৃষ্ঠা -